

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৬(আগরতলা ৬।১)
উদয়পুর, ৬ জানুয়ারি, ২০২৪

পূর্ব গজীছড়া পঞ্চায়েতে বিকাশ শিবিরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক গতকাল মাতাবাড়ি ব্লকের পূর্ব গজীছড়া ও পূর্ব মুগপুস্করনী গ্রাম পঞ্চায়েতে আয়োজিত বিকাশ শিবিরের উদ্বোধন করেন। বিকশিত ভারত সংকল্প যাত্রায় আয়োজিত এই শিবিরগুলির উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, আত্মনির্ভর ভারত গড়ে তুলে ভারতবাসীর জীবনযাত্রার মানোন্নয়নের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কাজ করে চলেছেন। দলমত নির্বিশেষে প্রত্যেক যোগ্য সুবিধাভোগী যাতে সরকারি সুবিধা গ্রহণ করতে পারেন তারজন্যই প্রধানমন্ত্রী শুরু করেছেন বিকশিত ভারত সংকল্প যাত্রা। তিনি আরও বলেন, কৃষক, দরিদ্র, মহিলা, যুবক শ্রেণীর উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার যে সকল প্রকল্প হাতে নিয়েছে তার সুবিধা যাতে সকলেই পান তারজন্য প্রশাসন ও জনপ্রতিনিধিদের যৌথভাবে কাজ করতে হবে। শিবিরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক দাতারাম স্বসহায়ক দলের সদস্যদের হাতে ১৮ লক্ষ টাকার ঋণের চেক তুলে দেন। অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, গোমতী জেলার জেলাশাসক তডিৎকান্তি চাকমা, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুজন কুমার সেন প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মাতাবাড়ি ব্লকের বিডিও শুভব্রত দে।
